

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
www.ecs.gov.bd

জনসংযোগ অধিশাখা

০৭ এপ্রিল, ২০১৯

সংবাদ বিজ্ঞপ্তি

৫ম উপজেলা পরিষদ নির্বাচনের দ্বিতীয় ধাপে রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলা পরিষদ নির্বাচনে দায়িত্বপালনরত অবস্থায় দুর্বৃত্তের গুলিতে নিহত নির্বাচনি কর্মকর্তাদের পরিবারকে এবং আহতদেরকে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। বাঘাইছড়ি উপজেলায় এক অনাড়ম্বর অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হদা সাতজন নিহতের প্রত্যেক পরিবারের নির্ধারিত ব্যক্তিদের নিকট ৫,৫০,০০০/- টাকার চেক তুলে দেন। এছাড়া গুরুতর আহত ১৪ জনকে ১,০০,০০০/- এবং সাধারণভাবে আহত ৪০ জনকে ৫০,০০০/- টাকা করে অনুদান প্রদান করেন।


মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এসময় নিহতদের পরিবারের শোঁজ খবর নেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সহমর্মিতা প্রকাশ করেন। এসময় তিনি বলেন, নির্বাচন কমিশন নির্বাচনি দায়িত্ব পালনকারী সকল কর্মকর্তাদের পাশে থাকবে এবং যেকোন পরিস্থিতিতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

অনুষ্ঠানে মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল শাহাদাত হোসেন চৌধুরী (অব.), নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব হেলালুদ্দীন আহমদ ও জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ সাইদুল ইসলাম উপস্থিত ছিলেন। এছাড়া চট্টগ্রাম ২৪ পদাতিক ডিভিশনের জিওসি, চট্টগ্রাম বিভাগের ডিআইজি, অতিরিক্ত বিভাগীয় কমিশনার, সেনাবাহিনীর আঞ্চলিক কমান্ডার, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাঙামাটি ও বান্দরবান জেলার জেলা প্রশাসক ও পুলিশ সুপারগণ উপস্থিত ছিলেন।

নির্বাচনি দায়িত্ব পালনরত অবস্থায় নিহতরা হলেন-

- ১। জনাব মোঃ আবু তৈয়ব, পোলিং অফিসার ও সহকারী শিক্ষক, নিউ লাল্যাঘোনা সরকারী প্রাথমিক বিদ্যালয়, বাঘাইছড়ি, রাঙামাটি
- ২। জনাব আমির হোসেন, পোলিং অফিসার ও সহকারী শিক্ষক, কিশলয় সরকারী প্রাথমিক বিদ্যালয়, বাঘাইছড়ি, রাঙামাটি
- ৩। জনাব মিহির কান্তি দত্ত, পিসি, দলনেতা, বঙ্গলতলী ইউনিয়ন আনসার ও ভিডিপি অফিস, বাঘাইছড়ি, রাঙামাটি
- ৪। জনাব আল-আমিন, আনসার ও ভিডিপি সদস্য, আনসার ও ভিডিপি অফিস, বাঘাইছড়ি, রাঙামাটি
- ৫। মোছাঃ বিলকিছ, আনসার সদস্য, ইউনিয়ন দলনেত্রী, আমতলী ইউনিয়ন আনসার ও ভিডিপি অফিস, বাঘাইছড়ি, রাঙামাটি
- ৬। মোছাঃ জাহানারা বেগম, আনসার সদস্য, আমতলী ইউনিয়ন আনসার ও ভিডিপি অফিস, বাঘাইছড়ি, রাঙামাটি
- ৭। জনাব মন্টু চাকমা, চেয়ারম্যান প্রার্থী এর পোলিং এজেন্ট (ঘোড়া মার্কা), ভুয়াছড়ি, সাজেক, বাঘাইছড়ি, রাঙামাটি।

এছাড়া বান্দরবান জেলার লামা উপজেলায় নির্বাচনি দায়িত্ব পালনরত অবস্থায় সড়ক দুর্ঘটনায় নিহত আনসার সদস্য বেগম হাফিজা বেগমকে ৫,৫০,০০০/- টাকার চেক প্রদান করা হয়। নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব হেলালুদ্দীন আহমদ গতকাল লামা উপজেলায় এ চেক প্রদান করেন।



এস এম আসাদুজ্জামান
যুগ্ম সচিব (জনসংযোগ)

ফোন: ৫৫০০৭৫২০